"হে বিদুর! হয়ত তুমি মনে করিতে পার যে শ্রীভগবান ভাগবত-গণকেই অনুগ্রহ করিয়া থাকেন, শাস্ত্রে ইহাই প্রসিদ্ধি আছে; অসুরগণকে অনুগ্রহ করেন, এরূপ প্রসিদ্ধি নাই ইহা সত্যই বটে। আমি কিন্তু অসুর-গণকেও ভাগবত বলিয়া মনে করি। যেহেতু ভাগবতগণের মত তাহারাও ভগবৎ ধ্যানের অভিনিবেশ বলে ভগবানকে সাক্ষাৎ দর্শন করিয়া থাকে। কারণ তাহারা ক্রোধাবেশে ত্রিগুণমায়ানিয়ন্তা শ্রীভগবানে অভিনিবিষ্টচিত্ত বলিয়া যুদ্ধে কশ্যপপুত্র গরুড়ের স্কন্ধে আবির্ভূত চক্রায়ুধ শ্রীহরিকে সাক্ষাৎ দর্শন করিয়াছেন। শ্রীউদ্ধব মহাশয়ের এই বাক্যে ভগবৎ বিদ্বেষীগণকেও ভাগবত বলিয়া নির্দ্দেশ করা হইয়াছে। তাহারই উত্তরে বলিতেছেন – 'মৈবং' অর্থাৎ এরূপ সিদ্ধান্ত করা কখনও যুক্তিসঙ্গত হইতে পারে না। যেহেতু শ্রীমান উদ্ধব মহাশয় 'মন্যে' অর্থাৎ আমার মনে হয় অসুরগণও ভাগবতই হইবে এইরূপ উক্তি থাকাতে উৎপ্রেক্ষাই বোধ করায়। বস্তুতঃ সেই অসুরগণে ভাগবতত্ব নাই। যদি থাকিত, তবে 'আমি মনে করি – এইরূপ উক্তি করিতেন না। সেই উৎপ্রেক্ষাও শ্রীকৃষ্ণ-বিরহজনিত শোকে ভগবৎদর্শনে উৎকণ্ঠাযুক্ত হইয়া ভগবৎবিদ্বেষীগণেরও কেবল ভগবৎদর্শন সৌভাগ্য অংশেই ভাগবতত্ব আরোপ করা হইয়াছে। যেমন আক্ষেপ করতঃ শ্রীউদ্ধব মহাশয় মনে মনে ভাবিতেছিলেন – "হা ধিক্; আমরাই ভগবৎ বহির্ম্মুখ, যে আমাদের অন্তিম সময়ে তাঁহার (শ্রীকৃষ্ণের) মুখচন্দ্রমার দর্শন সম্ভাবনাও নাই! যে আমাদের অপেক্ষায় অসুরগণও ভাগবত, যাহারা অন্তিম সময়ে শ্রীকৃষ্ণের মুখ-চন্দ্রমা দর্শন করিবার সৌভাগ্য লাভ করিয়াছিলেন।" এইপ্রকার ভাবেই অসুরগণকেও ভাগবতরূপে উৎপ্রেক্ষা করিয়াছিলেন। বস্তুতঃ দ্বেষাদিতে কোন-প্রকারও ভক্তি নাই ॥ ৩২৯ ॥

তদেবং রাগানুগা সাধিতা। সা চ শ্রীকৃষ্ণ এব মুখ্যা। গোপ্যঃ কামাদিত্যাদিনা তস্মিন্নেবাবেশদর্শিতত্বাৎ। দৈত্যানামপি দ্বেষেণাপি তস্মিন্নেবাবেশলাভদর্শনাৎ, সিদ্ধি-প্রাপ্তেশ্চ। নান্যত্র তু কুত্রাপ্যংশিন্যংশে বা। অতত্রবোক্তং, তস্মাৎ কেনাপ্যুপায়েন মনঃ কৃষ্ণ ইত্যাদি। অতস্তাদৃশঝটিত্যাবেশহেতূপাসনালাভাদেব স্বয়মেকাদশে বৈধো-পাসনা স্বস্মিন্নোক্তা কিন্ত্বন্যত্র চতুর্ভুজাকার এব। তত্র চ শুদ্ধস্য রাগস্য শ্রীগোকুল এব দর্শনাৎ, তত্র তু রাগানুগা মুখ্যতমা। যত্র খলু স্বয়ং ভগবানপি তেষাং পুত্রাদিভাবেনৈব বিলসতি। যে যথা মাং প্রপদ্যন্তে ইত্যাদেঃ, মল্লানামশনিরিত্যাদেঃ, স্বেচ্ছাময়-স্যেত্যস্মাচ্চ। ততশ্চ ভক্তকর্ত্তৃকভোজনপানস্নপনবীজনাদিলক্ষণলালনেচ্ছাপি তস্যা-কৃত্রিমৈব জায়তে। সাধারণভক্তিসদ্ভাবেনৈব হি, পত্রং পুষ্পং ফলং তোয়ং যো মে ভক্ত্যা প্রযচ্ছতি। তদহং ভক্ত্যুপহৃতমশ্নামি প্রযতাত্মন ইত্যুক্তম্। শ্রীশুকদেবেন চ